

নং-৩৮.৩৯৯.০০২.০০.০০.১০৩৩.২০২১- ৭৪

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯  
০৫ জুন ২০২২

**বিষয়: মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২য় ধাপের শিখনকেন্দ্রগুলোতে পাঠদান কাজে নিয়োজিত শিক্ষক ও সুপারভাইজারদের মাসিক পারিশ্রমিক নিশ্চিতকরণ প্রসংগে।**


সূত্র: (১) বিএলপি (৬৪ জেলা) স্মারক নং- ৩৮.৩৯৯.০০২.০০.০০.১০৩৩.২০২১-৮০, তারিখ: ০৮ মে ২০২২।  
(২) বিএলপি (৬৪ জেলা) স্মারক নং- ৩৮.৩৯৯.০০২.০০.০০.১০৩৩.২০২১-৯৩, তারিখ: ০১ জুন ২০২২।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২য় ধাপে ৬০ জেলার প্রকল্পভুক্ত ১১৪টি উপজেলার শিখনকেন্দ্রগুলোতে শিক্ষার্থীদের ০৬ (ছয়) মাস মেয়াদী পাঠদান কার্যক্রম গত ০৮/১২/২০২১ তারিখে শুরু হয়েছে যা আগামী ০৭/০৬/২০২২ তারিখে সমাপ্ত হবে। পাঠদান কাজে নিয়োজিত শিক্ষক ও সুপারভাইজারগণ ০৬ (ছয়) মাসের মাসিক পারিশ্রমিক প্রাপ্য হবেন।

২। প্রকল্পের নীতিমালা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়নকারী সংস্থার মাধ্যমে মাঠ পর্যায়ে ব্যয়িত সকল অর্থের ব্যয় বিবরণী প্রকল্পভুক্ত উপজেলার উপজেলা নির্বাহী অফিসার প্রতিস্বাক্ষর করেন। কর্মসূচি বাস্তবায়নকারী সংস্থা শিক্ষক ও সুপারভাইজারদের মাসিক পারিশ্রমিক অগ্রিম প্রদানের পর বিল ভাউচার প্রস্তুত করে ব্যয় বিবরণী প্রতিস্বাক্ষরের জন্য সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের বরাবর দাখিল করে। ব্যয় বিবরণী প্রতিস্বাক্ষরের পূর্বেই শিক্ষক ও সুপারভাইজারদের মাসিক পারিশ্রমিক প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা জরুরি, তা না হলে এ বিষয়ে অনেক সময় জটিলতা তৈরি হয়।

৩। শিক্ষক ও সুপারভাইজারদের মাসিক পারিশ্রমিক প্রাপ্তির বিষয়ে যাতে কোন প্রকার জটিলতা তৈরি না হয় সে জন্য আপনার উপজেলার কর্মসূচি বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক দাখিলকৃত বিল ভাউচারসহ হিসাব বিবরণী প্রতিস্বাক্ষরের পূর্বেই এ বিষয়টি নিশ্চিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

  
S. 6. 2022

(শামীমুল হক পাভেল)

প্রকল্প পরিচালক

ফোন: ০২-২২২২৮৫৭৮০

উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল)

উপজেলা:.....

জেলা:.....।

**অনুলিপি:**

১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

২। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল), জেলা:.....।

৩। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, জেলা:.....।

৪। প্রোগ্রামার, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), তেজগাঁও, ঢাকা-১২০৮ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। উপজেলা প্রোগ্রাম অফিসার, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উপজেলা:....., জেলা:.....।

৬। নির্বাহী পরিচালক/চেয়ারম্যান/পরিচালক,.....।